

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৬৬

বিশ্রামগঞ্জ, ২৮ নভেম্বর, ২০২৩

সিপাহীজলা জেলাভিত্তিক যুব উৎসব

বর্তমান প্রজন্মের ছেলেমেয়েদের আত্মনির্ভর করে

গড়ে তোলার লক্ষ্যে সরকার কাজ করছে : ক্রীড়ামন্ত্রী

বিভিন্ন পেশাগত শিক্ষায় শিক্ষিত হয়ে সুস্থ সমাজ গঠনে এগিয়ে আসার জন্য যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিস্কু রায় যুব সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি আজ বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে সিপাহীজলা জেলাভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করে এই আহ্বান জানান। উৎসবের উদ্বোধন করে তিনি বলেন, বর্তমান প্রজন্মের ছেলেমেয়েদের আত্মনির্ভর করে গড়ে তোলার লক্ষ্যে রাজ্য ও কেন্দ্র সরকার কাজ করছে। এই লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। নেশামুক্ত সমাজ গঠনের উপর গুরুত্ব আরোপ করে ক্রীড়ামন্ত্রী বলেন, এ বিষয়ে যুব সমাজ ইতিবাচক ভূমিকা নিয়ে এগিয়ে এলে রাজ্য তথা দেশ সামনের দিকে এগিয়ে যেতে পারবে। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন বিধায়ক অন্তরা সরকার দেব, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা জে ভি দোয়াতি। স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহঅধিকর্তা ভারতী নিগম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত।

জেলাভিত্তিক যুব উৎসবে জেলার ৭টি ব্লক, ২টি পুরপরিষদ ও একটি নগরপঞ্চায়েতের যুবা শিল্পীরা লোকসংগীত, নৃত্য, আকস্মিক বক্তৃতা, গল্প লিখন, পোষ্টার তৈরীর উপর প্রতিযোগিতায় অংশ নেন। উৎসবে কৃষি, স্বাস্থ্য, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, বন, যুব ও ক্রীড়া বিষয়ক দপ্তর, সমবায় দপ্তর থেকে প্রদর্শনী স্টল খোলা হয়।
